

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
ফুলবাড়ী, কুড়িগ্রাম।



স্মারকনং-৩২.০১.৪৯১৮.০০০.০৮.০১২.২২-৫৭৫

তারিখঃ ৩১/১০/২২খ্রি.

বিষয় : ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ১ জানুয়ারি ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ চক্রের ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) উপকারভোগী বাছাই/নির্বাচন, খাদ্য ও কার্ড বিতরণের পরিপত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচী সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২৮তম সভায় সিদ্ধান্ত মোতাবেক ২০২২-২০২৩ অর্থবছর হতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন “দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচির নাম পরিবর্তনপূর্বক “ভালনারেবল উইমেন বেনেফিট” (ভিডব্লিউবি) কার্যক্রম নামকরণ করা হয়েছে। মাঠ পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের (পূর্বের ভিজিডি) আওতায় ২০২৩-২০২৪ এর উপকারভোগী নির্বাচন, খাদ্য ও কার্ড বিতরণ এবং মনিটরিং কার্যক্রমসহ কার্যক্রমের সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছ ধরণে নিশ্চিত করার লক্ষ্যে ভিডব্লিউবি পরিপত্র এতদসংগে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/নির্বাচন এবং বিতরণ সংক্রান্ত পরিপত্র অনুসরণে সংক্রান্ত ২০২১-২০২২ চক্রে বিদ্যমান কার্ড সংখ্যা অনুযায়ী উপকারভোগী বাছাই/নির্বাচন করতে হবে।

**ভিডব্লিউবি উপকারভোগী আবেদন প্রক্রিয়া :** \* ভিডব্লিউবি কার্যক্রম হতে সুবিধা পাওয়ার জন্য অবশ্যই আবেদনকারী নারীকে নিজে উপস্থিত থেকে আবেদন করতে হবে। \* আবেদন প্রক্রিয়াটি শুধুমাত্র অনলাইনে জমা দেয়া যাবে। \* ভিডব্লিউবি কার্যক্রমের অনলাইন পোর্টাল [dwavwb.gov.bd](http://dwavwb.gov.bd) অথবা এটুআই এর একসেবা বা MYGOV পোর্টালে যেয়ে যে কেউ আবেদন ফর্ম পূরণ করতে পারবেন। \* আগ্রহী আবেদনকারী মহিলাদের নিকট হতে সম্পূর্ণ বিনামূল্যে আবেদন গ্রহণ করতে হবে। এছাড়াও তথ্য আপা প্রকল্পের জনবল অথবা ৩৩৩ নম্বরে কল করেও বিনামূল্যে আবেদন করা যাবে।

উল্লেখ্য যে, আবেদন প্রক্রিয়া আগামী ২০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে করতে হবে। পরবর্তীতে ভিডব্লিউবি প্রস্তুতিমূলক সভার ছান, তারিখ ও সময় যথাসময়ে জানিয়ে দেওয়া হবে।

সংযুক্তঃ ০১) পরিপত্র-১৪ (চৌদ্দ) পাতা।

প্রাপকঃ

চেয়ারম্যান,

.....ইউনিয়ন পরিষদ,  
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

(মোছাঃ সোহেলী পারভীন)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ০৩। ভাইসচেয়ারম্যান/মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ০৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুড়িগ্রাম।
- ০৫। অফিস কপি।